east end HOMES

যখন আমাদের কাছে আপনার ভাড়া বকেয়া পড়বে তখন কি হবে







আপনার কি করা উচিত এবং আমরা কিভাবে সাহায্য করতে পারি

যখন আমাদের কাছে আপনার ভাড়া বকেয়া পড়বে তখন কি ঘটবে সেটি এই লিফলেটে ব্যাখ্যা করা হয়েছে, আপনার কি করা উচিত এবং আমরা কিভাবে সাহায্য করতে পারি।

আপনার রেন্ট ও সার্ভিস চার্জের থেকে প্রাপ্ত টাকা দিয়ে আমরা আমাদের সেবা প্রদান করি। আপনি যদি ভাড়া প্রদান না করেন তাহলে আমরা আপনার বিরুদ্ধে আইনগত পদক্ষেপ নিতে পারি এবং আপনি ঘর হারাতে পারেন।

আপনার কি করা উচিত

- আপনি যদি টেন্যান্সি এগ্রিমেন্টে সই করেন তাহলে আপনি অবশ্যই সময়মত ভাড়া এবং সার্ভিস চার্জ দিবেন।
- আপনি যদি জানেন ভাড়া দিতে আপনার সমস্যা হবে তাহলে সরাসরী আমাদের সাথে যোগাযোগ করুন। আমাদের রেন্টস্ টিমটি মাইল এন্ড লোকাল হাউজিং সেন্টারে অবস্থিত। আপনি এ্যাপয়েন্টমেন্টের জন্য **020 8880 7055** নাম্বারে অথবা লোকাল হাউজিং সেন্টারে ফোন করুন।
- আপনার রেন্ট হল আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ বিল। আপনি যদি অন্যান্য ঋণ শোধ করতে দেরী করেন তাহলে আপনি আপনার ঘর হারাবেন না।
- আপনার উচিত আমরা আপনাকে যেসব চিঠি পাঠাই সেগুলি পড়া।

- আপনি যদি হাউজিং বেনিফিট পাবার যোগ্যতা রাখেন তাহলে সেটি পাচ্ছেন কিনা পরীক্ষা করে দেখুন। আপনার উচিত হাউজিং বেনিফিট এ্যাপ্লিকেশান ফরম পূরণ করা এবং সেটিকে আপনার লোকাল কাউন্সিলের কাছে ফেরত পাঠানো। হাউজিং বেনিফিট দাবী করার দায়িত্ব আপনার।
- যদি আপনার কাছে বকেয়া ভাড়া থাকে তাহলে যত তাড়াতাড়ি সম্ভব এই টাকা শোধ দিবেন।
- ভাড়া প্রদানের জন্য আপনি যে রিপেমেন্ট ব্যবস্থার প্রতি সম্মতি জানিয়েছেন সেটি বজায় রাখবেন।

আপনাকে সাহায্য করার জন্য আমরা যা করতে পারি

- আমরা আপনার সাথে নিরপেক্ষভাবে আচরণ করব এবং আপনি আমাদের যেসব তথ্য দিবেন সেগুলি গোপন রাখব।
- যদি আপনার কাছে বকেয়া ভাড়া থাকে তাহলে আমরা যত তাড়াতাড়ি সম্ভব আপনার সাথে যোগাযোগ করব।
- আপনি বেনিফিট পেতে পারেন কিনা সেই বিষয়ে আপনাকে পরামর্শ দিব এবং ক্লেইম ফরম পূরণে সাহায্য করব।

- বকেয়া যেকোন ভাড়া পরিশোধে যদি সমস্যা হয় তাহলে আপনাকে সাহায্য করার জন্য আমরা আপনার সাথে একটি ন্যায্য চুক্তি করব।
- আমরা আপনার সাথে বিশেষজ্ঞ পরামর্শ সংস্থা পরিচয় করিয়ে দিব যারা বেনিফট বিষয়ক পরামর্শ দেয় এবং আপনাকে আর্থিক ব্যবস্থাপনায় সাহায্য করতে পারবে।
- আমরা আপনার সাথে আপনার নিজের ভাষাতে কথা বলব এবং যদি ইংরেজী বলতে ও বুঝতে সমস্যা হয় তাহলে সাক্ষাৎকারে দোভাষী সেবার ব্যবস্থা করব।
- বকেয়া ভাড়ার ব্যাপারে যদি আইনী পদক্ষেপ নেই তাহলে আমরা আপনাকে সেটি জানাব।

যখন আমাদের কাছে আপনার ভাড়া বকেয়া পড়বে তখন কি হবে?

যদি আপনি এই বকেয়া ভাড়া শোধ না করেন অথবা কিস্তির মাধ্যমে এই টাকা শোধ দেয়ার জন্য যদি আপনার রেন্ট অফিসারের সাথে যোগাযোগ না করেন তাহলে আমরা আপনাকে একটি নোটিশ অফ সিকিং পোজেশান (NOSP) পাঠাবো। আপনার ঘরের পূণঃদখল নেয়ার জন্য আইনী অধিকার আদায়ের প্রথম পদক্ষেপ হিসাবে কাউন্টি কোর্টকে এই অনুরোধ করা হয়।

আদালতের তরফ থেকে যে আদেশ পাঠানো হবে যদি সেটি উপেক্ষা করেন তাহলে আমরা একটি ওয়ারেন্টের জন্য আবেদন করতে পারি। এর ফলে আপনি বাড়ীর থেকে উচ্ছেদ (বাসা থেকে জোরপূর্বক বের করে দেয়া) হতে পারেন।

যদি আপনাকে উচ্ছেদ করা হয় তাহলে আপনার স্থানীয় কাউন্সিল সিদ্ধান্ত নিবে যে আপনি কি নিজেই নিজেকে হোমলেস বানিয়েছেন কিনা এবং এই বকেয়া টাকা শোধ না দেয়া পর্যন্ত আপনাকে অন্য একটি ঘর নাও দিতে পারে।

আপনাকে উচ্ছেদ করার পরেও আমরা বকেয়া ভাড়া আদায়ের জন্য আপনার সাথে যোগাযোগ করব।



আইনী পদক্ষেপ এবং উচ্ছেদ

যদি আমাদের আইনী পদক্ষেপ নিতে হয় তাহলে আমরা আপনাকে আইনী পরামর্শ নিতে এবং আদালতের শুনানীতে আসার জন্য পরামর্শ দিব। যদি আপনাকে উচ্ছেদ করা হয় তাহলে আমরা হোমলেস পারসন্স ডিপার্টমেন্টে সেটি জানাব (এবং যদি দরকার হয় তাহলে সোশ্যাল সার্ভিসকে জানাব)।

অন্যান্য লিফলেট

আমাদের **ভাড়া** নামক লিফলেটে অনেক বিষয় তুলে ধরা হয়েছে যেমন আপনি কিভাবে ভাড়া দিতে পারেন, আমরা কিভাবে আপনার ভাড়া হিসাব করি এবং আপনার ভাড়ার ভেতরে কি অর্ন্তভূক্ত থাকে। আপনার স্থানীয় হাউজিং সেন্টারে এটি পাবেন।

এছাড়াও আমাদের **আর্থিক বিষয়াদি** লিফলেটে আপনি কিভাবে বিশেষজ্ঞ ঋণ পরামর্শ এবং অন্যান্য বিশেষজ্ঞ সহায়তা সংগঠনের সাথে যোগাযোগ করতে পারবেন সেটি ব্যাখ্যা করা হয়েছে।

সময়মত ভাড়া পরিশোধ করা আপনার দায়িত্ব।

east end HOMES

কিভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন

ইস্টএন্ডহোমস্ হেড অফিস
Tayside House, 31 Pepper Street,
London E14 9RP
ইমেইল: enquiries@eastendhomes.net
টেলি: 020 7517 4700
ফ্যাক্স: 020 7515 0218

মাইল এন্ড হাউজিং সেন্টার
38 Wager Street, London E3 4JE
ইমেইল: mileend@eastendhomes.net
টেলি: 020 8880 7055
ফ্যাক্স: 020 8880 7810

আইল্যান্ড গার্ডেনস্ নেইবারহুড সেন্টার
137 Manchester Road, London E14 3DN
ইমেইল: islandgardens@eastendhomes.net
টেলি: 020 7538 2340
ফ্যাক্স: 020 7537 0512

সেন্ট জর্জেস্ হাউজিং সেন্টার
Shearsmith House, Hindmarsh Close, London
E1 8HP
ইমেইল: stgeorges@eastendhomes.net
টেলি: 020 7481 4110
ফ্যাক্স: 020 7481 4082

হল্যান্ড হাউজিং সেন্টার
35 Commercial Street, London E1 6BD
ইমেইল: holland@eastendhomes.net
টেলি: 020 7456 6700
ফ্যাক্স: 020 7456 6737

গ্ল্যামিস হাউজিং সেন্টার
Ground Floor, Roslin House, Brodlove Lane,
London E1W 3EL
ইমেইল: glamis@eastendhomes.net
টেলি: 020 7791 7947
ফ্যাক্স: 020 7791 7983

আপনি **07961 941584** নাম্বারে টেক্সট্ মেসেজ পাঠাতে পারেন।

লিফলেটগুলি

নিচের বিষয়গুলির উপরে আমরা লিফলেট প্রকাশ করেছি

- মেরামত
- ভাড়া
- সার্ভিস চার্জ
- অসামাজিক কার্যকলাপ
- গ্রাহক সেবা
- এস্টেট সার্ভিস
- বাসিন্দাদের জড়িত করা
- ভাড়া

এই লিফলেটটি অন্যান্য ভাষা যেসব ফরম্যাটে পাওয়া যায়

আপনি অনুরোধ করলে বিভিন্ন ধরনের ফরম্যাটে এই ডকুমেন্টের কপি পেতে পারেন, এর ভেতরে আছে:

- **বাংলা ও সোমালীর মত অন্যান্য কমিউনিটি ভাষা**
- **ব্রেইল**
- **বড় অক্ষর**
- **অডিও টেপ**

ভিন্ন কোন ফরম্যাটের জন্য অনুরোধ করতে চাইলে দয়া করে আপনার লোকাল হাউজিং সেন্টারের সাথে যোগাযোগ করুন।

east endHOMES www.eastendhomes.net